



নং-৩৬.০১.০০০০.৩৫৬.২৫.০০১.২০২২.৫৮৮

তারিখ: ২২ ডিসেম্বর ২০২২ খ্রি.

## দপ্তরাদেশ

বিসিআইসি এর ইনোভেশন কমিটি কর্তৃক আয়োজিত "চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিসিআইসি'র কর্মপরিকল্পনা" শীর্ষক দিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়েছে। উক্ত কর্মশালায় বিসিআইসি প্রধান কার্যালয় এর ইনোভেশন কমিটি'র সদস্যবৃন্দ, বিসিআইসি প্রধান কার্যালয় এর পরিকল্পনা বিভাগ, পিডিডি, পিআইডি, উৎপাদন বিভাগ, আরপিডি, এমটিএস বিভাগ, নির্মাণ বিভাগ এর প্রতিটি বিভাগ হতে ৯ম থেকে ৪র্থ গ্রেড পদমর্যাদার মধ্যের ০২ (দুই) জন করে কর্মকর্তা এবং বিসিআইসি নিয়ন্ত্রণাধীন শুধুমাত্র চালু কারখানা/প্রতিষ্ঠান থেকে ২/৩ জন করে কর্মকর্তা (প্রকৌশলী/কেমিস্ট) অংশগ্রহণ করবেন।

সকল পরিচালক মহোদয় এর উপস্থিতিতে ২৬ ডিসেম্বর ২০২২ তারিখে বিসিআইসি'র সম্মানিত চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয় "চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিসিআইসি'র কর্মপরিকল্পনা" শীর্ষক দিনব্যাপী কর্মশালাটির শুভ উদ্বোধন ঘোষণা করবেন এবং ২০২২-২০২৩ অর্থ বছরে প্রথম ধাপের ইনোভেশন পুরস্কার ও সনদ বিতরণ করবেন।

### প্রশিক্ষার্থীদের জন্য স্থান ও সময়:

স্থান : বিসিআইসি সেমিনার হল ২১ তলা  
তারিখ : ২৬ ডিসেম্বর ২০২২ খ্রি.  
সময় : সকাল ৯:০০- বিকাল ৪:০০ ঘটিকা

স্বা/-

এ বি এম ফেরদৌস

ব্যবস্থাপনা পরিচালক ও আইসিটি বিভাগীয় প্রধান  
এবং

সদস্য সচিব, ইনোভেশন কমিটি

### বিতরণ:

১। ইনোভেশন কমিটি এর সম্মানিত সকল সদস্য।

২। বিভাগীয় প্রধান (পরিকল্পনা বিভাগ, পিডিডি, পিআইডি, উৎপাদন বিভাগ, আরপিডি, এমটিএস বিভাগ, নির্মাণ বিভাগ), বিসিআইসি প্রধান কার্যালয়।

৩। বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল চালু কারখানা/প্রতিষ্ঠান প্রধানগণ [নির্ধারিত তারিখে আপনার কারখানা/প্রতিষ্ঠান থেকে ২/৩ জন করে কর্মকর্তা-কে (প্রকৌশলী/কেমিস্ট) মনোনয়ন প্রদান এবং নির্ধারিত তারিখ ও সময়ে স্ব-শরীরে কর্মশালায় অংশগ্রহণ নিশ্চিতকরণের অনুরোধসহকারে]।

৯ম থেকে ৪র্থ গ্রেড পদমর্যাদার মধ্যের ০২ (দুই) জন করে কর্মকর্তা বর্ণিত কর্মশালায় প্রেরণের জন্য বিসিআইসি প্রধান কার্যালয়ের পরিকল্পনা বিভাগ, পিডিডি, পিআইডি, উৎপাদন বিভাগ, আরপিডি, এমটিএস বিভাগ এবং নির্মাণ বিভাগীয় প্রধান-কে অনুরোধ করছি।

### অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১। চেয়ারম্যান (গ্রেড-১), বিসিআইসি, ঢাকা।

২। পরিচালক (বাণিজ্যিক/অর্থ/পরিকল্পনা ও বাস্তবায়ন/উৎপাদন ও গবেষণা/কারিগরি ও প্রকৌশল), বিসিআইসি, ঢাকা।

৩। উর্ধ্বতন মহাব্যবস্থাপক (প্রশাসন), নির্বাহী কার্যালয়, বিসিআইসি, ঢাকা।

৪। কর্মচারী প্রধান, বিসিআইসি, ঢাকা।

৫। সকল সদস্য, ইনোভেশন কমিটি, বিসিআইসি, ঢাকা [অনুষ্ঠানে উপস্থিত থেকে কর্মশালার কার্যক্রমকে সাফল্যমন্ডিত করার অনুরোধসহকারে]।

৬। উপ-মহাব্যবস্থাপক, নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগ, বিসিআইসি, ঢাকা।

৭। দপ্তর নথি।

এ বি এম ফেরদৌস

ব্যবস্থাপনা পরিচালক ও আইসিটি বিভাগীয় প্রধান  
এবং

সদস্য সচিব, ইনোভেশন কমিটি